

## একজন শিক্ষক দিয়ে চলছে স্কুলে পাঠদান

স্টাফ রিপোর্টার, কুড়িগ্রাম । আমাদের স্যার নাই, আমাদের পড়ালেখা হচ্ছে না আমরা পিছিয়ে পড়ছি আমাদের স্কুলে তাড়াতাড়ি শিক্ষক দেন- এ আকুতি ৫ম শ্রেণীর ছাত্রী মাসুমা আফরান, আফরিন আফরান রুমা, স্মৃতি আক্তারসহ সব ছাত্রছাত্রীদের। ইতোমধ্যে তিন মাস অতিবাহিত হলো ৫ম শ্রেণীর ইংরেজি বিষয়ে পাঠদান চলছে ১ম অধ্যায়ে, বিজ্ঞান, ২য় অধ্যায়ে, ইসলাম ধর্ম ১ম অধ্যায়ে এবং বাংলা ৮ম অধ্যায়ে। গণিত এবং পরিবেশ বিষয়ে এখনও পাঠদান শুরু হয়নি। এরা যে বিদ্যালয়ে পড়ে তার নাম বড় খাটামারী সরকারী প্রাথমিক বিদ্যালয়। কুড়িগ্রাম জেলার ভুরুঙ্গামারী উপজেলার জয়মনির হাট

ইউনিয়নে অবস্থিত। জানা যায়, বিদ্যালয়টি প্রায় দেড় মাস থেকে মাত্র একজন শিক্ষক দিয়ে খুঁড়িয়ে খুঁড়িয়ে চলছে। এ বিদ্যালয়ে ৪ জন শিক্ষকের পদ থাকলেও সহকারী

### খাটামারী সরকারী প্রাথমিক বিদ্যালয়

শিক্ষক আব্দুল জব্বার জানুয়ারির ১৭ তারিখে অবসরে যান। প্রধান শিক্ষক আব্দুল বারী অবসরে যান ১৫ ফেব্রুয়ারি। অপর সহকারী শিক্ষক জয়নুল আবেদীন অবসরে যান মার্চের ৯ তারিখে। তখন থেকেই বিদ্যালয়টি পরিচালনা করছেন

জনিয়র শিক্ষক সেলিনা আখতার। শিক্ষক সেলিনা আখতার জানান, শিশু শ্রেণীসহ বিদ্যালয়টিতে মোট ক্লাস রয়েছে ৬টি। কিন্তু অনুমোদিত পদ রয়েছে ৪টি। ৪টির মধ্যে ৩ শিক্ষক অবসরে যাওয়ায় এতগুলো ক্লাস ১ জন শিক্ষকের দ্বারা পরিচালনা করা কিভাবে সম্ভব? সোমবার বিদ্যালয়ে গিয়ে দেখা যায়, ৫ম শ্রেণীর ছাত্র-আপেল মিয়া ১ম শ্রেণীর ইংরেজি পড়াচ্ছেন। ক্লাসের ছাত্র শামীম মিয়া ছাত্রছাত্রীদের শাস্ত রাখছেন।

আপেল মিয়া জানান, সে ৩ সপ্তাহ থেকে এভাবে ক্লাস নিচ্ছেন। স্থানীয় ইউপি সদস্য মোহরার হোসেন ও ইউপি চেয়ারম্যান আব্দুল ওয়াদুদ জানান, এ ব্যাপারে বহুবার জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ও উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারকে অবহিত করা সত্ত্বেও তারা কোন ব্যবস্থা নেয়নি। সর্বশেষ প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী শূন্যপদে শিক্ষক বদলির নির্দেশ দিলেও তা মানা হচ্ছে না।

এ ব্যাপারে উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার আহসান হাবিব জানান, শূন্যপদ পূরণ করা হবে।